

শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি কমলো, খুলছে ২৬ জুন

নিজস্ব বার্তা পরিবেশক

: বৃহস্পতিবার, ২০ জুন ২০২৪



শিক্ষা মন্ত্রণালয়ের অধীন শিক্ষাপ্রতিষ্ঠানে এবারের গ্রীষ্মের ছুটি কমানো হয়েছে। কোরবানির ঈদ ও গ্রীষ্মকালীন ছুটি মিলিয়ে টানা তিন সপ্তাহের যে ছুটি স্কুলগুলো পেয়েছিল, তা কমিয়ে আনা হয়েছে এক সপ্তাহ।

আগামী ২ জুলাই পর্যন্ত ছুটি থাকার কথা থাকলেও নতুন সিদ্ধান্ত অনুযায়ী আগামী বুধবার (২৬ জুন) খুলে দেওয়া হবে শিক্ষাপ্রতিষ্ঠান। তবে শুক্রবারের পাশাপাশি শনিবার সাপ্তাহিক ছুটি বহাল থাকবে

বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এসব সিদ্ধান্ত হয় বলে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ আবুল খায়ের জানান।